

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বিএসসি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

২৯ ফাগুন, ১৪২৪

পত্র নং-১৮.০০.০০০০.০২৩.০৬.০২৬.১৭-৩৪


তারিখঃ-----

১৩ মার্চ, ২০১৮

বিষয়ঃ বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব শাজাহান খান এঁর সভাপতিত্বে ০১ মার্চ, ২০১৮ তারিখ সকাল ১১-০০ ঘটিকায় নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে আনুষ্ঠিত বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


১৩.৩.২০১৮
(মোঃ নজরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৮১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/বন্দর/সংস্থা), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৪। প্রধান (পরিকল্পনা), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন/বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপসচিব (বিএসসি), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বিএসসি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-১৮.০০.০০০০.০২৩.০৬.০২৬.১৭-

তারিখ ০৭ মার্চ, ২০১৮

বিষয়ঃ বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব শাজাহান খান, এম.পি
মাননীয় মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময় ঃ ০১-০৩-২০১৮, সকাল ১১-০০ ঘটিকা।
স্থান ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বিএসসি'র ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক ও নির্বাহী পরিচালক (অর্থ) বিগত ২০-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ও নতুন আলোচ্যসূচি বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
(১)	চায়না এক্সিম ব্যাংকের ঋণের অর্থায়নে ৬টি জাহাজ ক্রয়/সংগ্রহ।	বিএসসি'র ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, আলোচ্য প্রকল্পের আওতায় জাহাজ সংগ্রহের নিমিত্ত জাহাজ নির্মাণ চুক্তির শর্ত ও স্পেসিফিকেশন অনুযায়ী জাহাজ নির্মাণে বিএসসির পক্ষে গুনগত মান নিশ্চিতকরণের জন্য আন্তর্জাতিক প্রতিষ্ঠান DNV-GL Germany-কে Buyer's supervisor হিসাবে নিয়োগ প্রদান করা হয়েছে। এ লক্ষ্যে গত ২০.০৪.২০১৭ তারিখে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং তদানুযায়ী প্রতিষ্ঠানটির প্রতিনিধি দল বর্তমানে প্রকল্প সাইটে কর্মরত আছে। তাছাড়া নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ইতোমধ্যে চায়নাস্থ শিপইয়ার্ড পরিদর্শন পূর্বক ১৯-০৫-২০১৭ তারিখে জাহাজের মেসিভ প্লেট কাটিং উদ্বোধন করেছেন। উল্লেখ্য, গত ২৯-১২-২০১৬ তারিখে ১ম কিস্তির অর্থ পরিশোধ করা হয়েছিল। অধিকন্তু, চুক্তির শর্তানুযায়ী গত ০৮-০৬-২০১৭ তারিখে ২য় কিস্তির অর্থ বাবদ ২২১.৪০ কোটি টাকা সিএমসি-কে প্রদানের নিমিত্ত নৌপরিবহন মন্ত্রণালয়ের মাধ্যমে ইআরডিকে পত্র প্রেরণ করা হয় ১৩-০৬-২০১৭ তারিখে ইআরডি তা চায়না দুতাবাসের মাধ্যমে চায়না এক্সিম ব্যাংকে পরিশোধের জন্য প্রেরণ করা হয়। তাছাড়াও, উক্ত ৬টি জাহাজ বাংলাদেশে এসে পৌঁছানোর সম্ভাব্য তারিখ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক আরও জানান যে, ৬টি জাহাজ বহরে সংযোজনের সম্ভাব্য তারিখ ৫ জুলাই ২০১৮, ২৫ আগস্ট ২০১৮, ২ নভেম্বর	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আগামী সেপ্টেম্বর, ২০১৮ এর মাঝামাঝি সময়ে উক্ত জাহাজ উদ্বোধন করার বিষয়ে যথাযথ পদক্ষেপ নিতে হবে। বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

